## গুরুদাসপুর উপজেলা পরিষদের মার্চ-২০২২ মাসের সাধারন সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ আনোয়ার হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর

সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন

তারিখ ঃ ২৯-০৩-২০২২ খ্রি. সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট - "ক"

সভার শুরুতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি মহোদয় গুরুদাসপুর উপজেলা পরিষদের পক্ষ থেকে সবাইকে শুভেচ্ছা জানান। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবার বর্গের বিদ্রেহী আত্মার মাগফেরাত কামনা করে উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সকল সদস্যকে স্ব স্ব বিভাগীয় কর্মপত্র নোটিশ প্রাপ্তির দুই কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরনের জন্য অনুরোধ জানান।

অতঃপর গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোনরুপ সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। এছাড়া নিম্নরুপ বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :-

| ক্র. নং | বিভাগ/সংস্থার নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | গুরুদাসপুর পৌরসভা, নাটোর | মেয়র, গুরুদাসপুর পৌরসভা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নাই। | সভাপতি মহোদয়, গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। | মেয়র, গুরুদাসপুর পৌরসভা, নাটোর |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সর্ম্পকে জানা গেল না, সভাপতি আগামী সভায় উপস্থিত হয়ে গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। | সভাপতি মহোদয়, নিয়মিত সভায় উপস্থিত হয়ে গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর |
| ০৩ | উপজেলা কৃষি অফিস | উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, কৃষি প্রনোদনা কর্মসূচীর আওতায় ২০২১-২২অর্থ বছরে খরিফ-০১ মৌসুমে আউশ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে অত্র গুরুদাসপুর উপজেলায় ১৮০০ জন চাষীদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার সহায়তা প্রদানের নিমিত্ত বরাদ্দ পাওয়া গেছে। প্রনোদনা কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের জন্য তিনি উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসনসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। উপজেলা পর্যায়ে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার এবং ওয়েদার স্টেশন নির্মাণের জন্য তিনি উপজেলা পরিষদের নিকট জায়গা নিধারণের অনুরোধ জানান। এ উপজেলায় সার ও বালাইনাশকের পযার্প্ত মজুদ রয়েছে। | ১। সভাপতি মহোদয়, গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। | উপজেলা কৃষি অফিসার, গুরুদাসপুর, নাটোর। |
| ০৪ | উপজেলা প্রকৌশলী অফিস | ১.১ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,২০২১-২০২২ইং অর্থ বছওে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় ৩য় কিস্তি পর্যন্ত সর্ব মোট বরাদ্দের পরিমাণ = ৫৮,৯৮,০০০/- (আটান্ন লক্ষ আটা নব্বই হাজার) টাকা মাত্র এবং ৪র্থ কিস্তিতে সমপরিমান অর্থ পাওয়া যাবে বলে আশা করা যায়। উক্ত অর্থের বিপরীতে গৃহীত প্রকল্প গুলির দরপত্র আহবান করা হয়েছে।<br>১.২ উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে,২০২১-২০২২ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে "উপজেলা উন্নয়ন সহায়তা" থোক খাতের আওতায় করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তার রোধ কল্পে প্রতি রোধ মূলক ব্যবস্থা গ্রহনেরজন্য এ্যান্টিসেপটিক সাবান, হ্যান্ড স্যানিটাইজার ও হ্যান্ড ওয়াস সরবরাহ করন কাজের মূল্য বাবদ = ৩,৪৬,০০০/- টাকা। উক্ত প্রকল্পের বিপরীতে | ১.২ বিস্তারিত আলোচনান্তে করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধ কল্পে প্রতিরোধ মূলক ব্যবস্থা গ্রহনের জন্য এ্যান্টিসেপটিক সাবান, হ্যান্ড স্যানিটাইজার ও হ্যান্ড ওয়াস সরবরাহ করন যার মুল্য বাবদ = ৩,৪৬,০০০.০০ (তিন লক্ষ ছেচল্লিশ হাজার) টাকা এবং অনুমোদিত সর্বনিম্ন কোটেশন দাতা মেসার্স সামিরা ইসরাত ইতি, ফুলবাগান, নাটোর সদর, নাটোর কে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) খাত হতে চূড়ান্ত বিল প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, সকল ইউপি চেয়ারম্যান, গুরুদাসপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা মেসার্স সামিরা ইসরাত ইতি, ফুলবাগান, নাটোর সদর, নাটোরকে কোটেশন মূল্য অনুমোদন ও চুড়ান্ত বিল প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>১.৩ উপজেলা প্রকৌশলী সভায় আরোও জানান যে,২০২১-২০২২ইং অর্থ বছরে উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামত এর আওতায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা, মহোদয়ের অফিস স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২১-৬৪৩ তারিখঃ ০৫/১২/২০২১ইং তারিখে উপজেলা পরিষদের সোনালী ভবন মেরামত, রূপালীভবন মেরামত, অভ্যন্তরে রাস্তা মেরামত ও অভ্যন্তরে ড্রেন মেরামতে রজন্য = ২৪,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দ নিয়ে অদ্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১.৩ উপজেলা পরিষদের সোনালী ভবনের ১ম তলার বাম-সাইড ও ডান-সাইড মেরামতের ব্যয় বাবদ্দ ৯,৯৯,৮৪৯/- টাকাওরূপালীভবনের ১ম তলার বাম-সাইড ও ডান-সাইড মেরামতের ব্যয় বাবদ্দ ১০,০০,০০০/-টাকা এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তার জন্য আনসার ব্যারাকের সামনে এ্যাপ্রোন সহ পানির ব্যবস্থা নিশ্চিত করা যার ব্যয় বাবদ ৪,০০,০০০/-টাকা উক্ত প্রকল্প গুলি'র প্রাক্কলন প্রস্তুত পূর্বক কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। গৃহিত সকলকার্য ক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | নাটোর। |
| ০৫ | উপজেলা প্রাণী সম্পদ অফিস | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নাই। | সভাপতি মহোদয় গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, গুরুদাসপুর, নাটোর |
| ০৬ | উপজেলা মৎস অফিস | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ গত ২৮আগষ্ট হতে ০৩ সেপ্টেম্বর তারিখ পর্যন্ত সফলভাবে সর্ম্পন্ন হয়েছে। এছাড়া রাজস্বখাতের আওতায় ০৭টি জলাশয়ে সর্বমোট ৩০০কেজি পোনা অবমুক্ত করা হয়েছে। তিনি আরও জানান যে, চলবিলে নিয়মিত মোবাইল কোট পরিচালনা করা হচ্ছে। এর ফরে অবৈধ্য জালদ্বারা মৎস্য নিধন কারবারিদের কাছ থেকে জাল আটক ও অবৈধ্য স্থাপনা উচ্ছেদ করা হচ্ছে। নিয়মিত মাইকিং এর মাধ্যমে সচেতনতা মূলক প্রচারনা চালনা হচ্ছে যাতে অবৈধ্য উপায়ে মৎস্য আহরণ থেকে বিরত থাকে এবং মৎস্য সম্পদ রক্ষায় সকলে সহযোগিতা করে। | সভাপতি মহোদয় গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। | উপজেলা মৎস্য কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর |
| ০৭ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, মোট সক্ষম দম্পতির সংখ্যা ৫৩৬১৪জন, মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৪৪৫৮৪ জন এবং পদ্ধতির গ্রহণকারীর হার ৮৩.১৬%। পদ্ধতি বিতরন স্থায়ী পদ্ধতি পুরুষ ০০ জন, মহিলা ২২জন। দীর্ঘ মেয়াদী ইমপ্লানন ৭৭জন, কপারটি ০৪জন। অস্থায়ী পদ্ধতি কন্ডম ২০০৮৩পিস, খাবার বড়ি ১০৩৫৪চক্র এবং ইনজেকটেবল্স ৬১০ভায়াল। এছাড়া বিভিন্ন ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে মা ও শিশু স্বাস্থ্যসেবা যথাযথভাবে চলছে। তেমন কোন সমস্যা নাই। | ১। সভাপতি মহোদয় গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা গুরুদাসপুর, নাটোর |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, করোনা ভাইরাস জনিত মহামারীর কারনে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় শিক্ষা মন্ত্রনালয়ের উদ্যোগে বাংলাদেশ সংসদ টেলিভিশনের মাধ্যমে অনলাইন ক্লাস নিয়মিত চলছে। এ বিষয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের অনলাইন ক্লাস পরিচালনা বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চললেছ। তেমন কোন সমস্যা নাই। | সভাপতি মহোদয় গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর |
| ০৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, খিদির গড়িলা সপ্রাবি এর রাস্তা নির্মাণ ও স্বাস্থ্যবিধি মেনে পাঠদান চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চললেছ। তেমন কোন সমস্যা নাই। | সভাপতি মহোদয়, গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন | উপজেলা শিক্ষা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর |
| ১০ | ত্রান ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নাই। | সভাপতি মহোদয়, গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিজিডি ২০-২১-২০২২ চক্রের উপকারভোগীদের অক্টোবর-২০২১ মাসেও পত্র যথাযথভাবে জারি করা হয়েছে। ২০২১-২২ চক্রের ভিজিডি এনজিও সিলেকশন হয়েছে। এনজিওর কর্মচারী নিয়োগ সম্পর্ন্ন হয়েছে ভিজিডি সঞ্চয় হিসাব ১০০% নিশ্চিতসহ প্রশিক্ষণের কার্যক্রম শুরু করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হয়েছে। ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচীর আওতায় ২০২১-২২অর্থ বছরে নতুন উপকারভোগী যাচাই-বাছাই ও সাক্ষাৎকার ১৩/১০/২১ খ্রিঃ তারিখে শেষ হয়েছে। উপকারভোগীর আগামী ৩০ অক্টোবর এর মধ্যে এমআইএস শেষ করার নির্দেশ রয়েছে। দরিদ্রমা'র মাতৃত্বকাল ভাতা কর্মসূচির আওতায় বিভিন্ন ইউনিয়নে যে সকল উপকারভোগীর বকেয়া ভাতা স্ব স্ব উপকারভোগীর হিসাবে পোষ্টিংসহ মাদার একাউন্ট এর ব্যাংক স্টেটমেন্ট সদর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। মহিলাদের আত্ন-কমসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম তহবিলে ঋণ চলতি মাসে ৯,৪৫০/- টাকা ঋণ আদায় হয়েছে। বকেয়া টাকা আদায়ের জন্য নোটিশ ও সার্টিফিকেট মামলার ব্যবস্থা গ্রহনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। | সভাপতি মহোদয়, গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মহিলা বিষয়ক, গুরুদাসপুর, নাটোর |
| ১২ | উপজেলা সমাজ সেবা অধিদপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, এ কার্যালয় হতে ২০২১-২২ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক ও বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতা প্রত্যাশীদের ভাতা এবং প্রতিবন্ধী ভাতাসহ মোট ১৭,৮৫০জন সুবিধাভোগী সুবিধা পাচ্ছেন। "ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্টোকে প্যারালাইজড, থ্যালাসেমিয়া ও জন্মগত হৃদরোগীদের এককালীন ৫০,০০০/- টাকা দেওয়ার আবেদন পাওয়া গেছে। ক্যান্সার ৩৬টি আবেদন, থ্যালাসেমিয়া ০১টি জন্মগত হৃদরোগীদের ০৭টি, কিডনী ১৪টি, লিভার সিরোসিস ০৪টি স্টোকে প্যারালাইজড ১৬টিসহ মোট আবেদন ৭৮টি জেলা কমিটি বরাবর প্রেরণ করা হয়েছে। তিনি আরও জানান যে, ভিক্ষুক পুনরবাসন ও বিকল্প কর্মসংস্থান খাতে ১,৬০,০০০/-টাকা পাওয়া গেছে। তিনি আরও জানান যে, ০৬টি ইউনিয়ন এবং একটি পৌরসভা মোট ০৭টি ইউনিটের প্রত্যেক ইউনিট হতে ০১জন করে অর্থাৎ প্রত্যেক ইউপি চেয়ারম্যান দিবেন ০১জন ভিক্ষুকের নাম, মেয়র, গুরুদাসপুর পৌরসভা দিবেন ০১জন ভিক্ষুকের নাম। ০২জন ভাইস চেয়ারম্যান দিবেন ০১জন+০১জন= ০২জন ভিক্ষুকের নাম। মোট ০৯জন ভিক্ষুকের নামের তালিকার সঙ্গে ভিক্ষুকের এনআইডি ফটোকপি, ০২কপি পাসপোর্ট সাইজ ছবি এবং মোবাইল নম্বরসহ আগামী ১০দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে পেরণ করা জন্য অনুরোধ করা হলো। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, সকল ইউপি চেয়ারম্যান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের মার্চ/২০২২ মাসের কর্মসূচির অগ্রগতি প্রশিক্ষণ ৯০জন ও অগ্রগতি ৩৬০জন। যুবঋণ বিতরণ ৪,৮০,০০০ ও অগ্রগতি ১৭,০০,০০০/-। চলমান আদায়যোগ্য ১,৯৫,৩৯৫/-টাকা ও অগ্রগতি ১৯,৯২,১৩০। চলমান আদায়কৃত ১৮,৯০৯৫/-টাকা ও অগ্রগতি ১৬,১২,৭০৫, চলমান আদায়ের হার-৯৬.৭৭%, অগ্রগতির হার ৮০.৯৫। তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (অঃদাঃ), গুরুদাসপুর, নাটোর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের ঋণ বিতরন ও আদায়ের তথ্যাবলী মার্চ/২০২২ইং মাস পর্যন্ত অত্র বিভাগের মাধ্যমে আবর্তক ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৫০.০০, অর্জন ৪৭.৩৮ ঋণ আদায় লক্ষ্যমাত্রা ৫০.০০ অর্জন ৩৬.৭২ এবং প্রশিক্ষণ ১৪০জন। মহিলা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১০০.০০, অর্জন ২০.৯০, ঋণ আদায় লক্ষ্যমাত্রা ১০০.০০ অর্জন ৫০.৭৯, সদাবিক ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৬০.০০,অর্জন ৪৫.৯৯, ঋণ আদায় লক্ষ্যমাত্রা ৬০.০০ অর্জন ৪৫.৭৯, প্রশিক্ষণ-০০ জন, পল্লী প্রগতি ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ২৬.০০, অর্জন ১৫.৬৩, ঋণ আদায় লক্ষ্যমাত্রা ২৬.০০, অর্জন ১৮.৬৩, বীর মুক্তিযোদ্ধা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ২.২০, অর্জন ১.০০, ঋণ আদায় লক্ষ্যমাত্রা ১.৮০, অর্জন ০.৮৮, প্রশিক্ষণ নাই, অপ্রধান শস্য ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ২৫.০০, অর্জন ২৬.০৪, ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ২৫.০০, অর্জন ১০.৩০। তাঁর বিভাগের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর |
| ১৫ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, গুরুদাসপুর কর্তৃক ২০২১-২২ অর্থ বছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ (৩য় পর্যায়) প্রকল্পের আওতায় ১৫৬টি সাবমার্সিবল এর বোরিং কাজ চলমান আছে। মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীণ ও গৃহহীন পরিবারের জন্য ২য় পর্যায়ে নির্মিত ঘরের ২৭টি নলকূপের পাটাতনের কাজ সর্ম্পন্ন হয়েছে। নতুন অফিস বিল্ডিং নির্মানের কাজ চলমান আছে। ২০২০-২১অর্থ বছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ (২য় পর্যায়) প্রকল্পের আওতায় বরাদ্দকৃত ১৫৬টি সাবমার্সিবল পাটাতনের কাজ চলমান রয়েছে। বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে PEDP-4, GPS, NNGPS প্রকল্পের আওতায় ওয়াস ব্লকের কাজ চলমান আছে। করোনা পরিস্থিতি মোকাবেলায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক স্থাপিত হ্যান্ড ওয়াশ বেসিনে জনগণকে হাতধোয়ায় উদ্বৃত্ত করতে নিয়মিত সাবান সরবরাহ করা হচ্ছে। | সভাপতি মহোদয় গৃহিত কার্যক্রম দ্রুত গতিতে সম্পন্ন করার জন্য নির্দেশ দেন। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), গুরুদাসপুর, নাটোর |
| ১৬ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার সভায় জানান যে, ফেব্রুয়ারি/২২ মাসে কৃষি পরিসংখ্যান বিষয়ে গম ও আলু বোরো ফসলের পূর্বভাস, তেতুল, মূলা, জলপাই, গাজর, ও মাসিক কৃষি মজুরী এর তথ্য উপজেলা পরিসংখ্যান কার্যালয় এর মাধ্যমে প্রাক্কলন পূর্বক জেলা দপ্তরে প্রেরণ করা হয়েছে। পথশিশু জরিপ-২০২২ এর কুইক কাউন্টের কাজ ও পরিবেশ সংরক্ষন ব্যয় সম্পদ এবং বর্জ্য ব্যবস্থাপনা ২০২১ জরিপের কাজ অত্র উপজেলায় চলমান আছে। | গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, গুরুদাসপুর নাটোর |
| ১৭ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, আজিজ কো-অপারেটিভ কর্মাস এন্ড ফাইন্যান্স ব্যাংক লিমিটেড শিরোনামে একটি সমবায় সমিতি অত্র উপজেলায় বে-আইনিভাবে শাখা অফিস খুলে কার্যক্রম আরম্ভ করেছেএবং সরেজমিনে পরিদর্শন পূর্বক দেখা যায় চাঁচকৈড় বাজারস্থ স্বপ্না গার্মেন্টস এর ২য় তলায় পুরাতন বাসষ্ট্যান্ড, গুরুদাসপুর, নাটোর এর শাখা অফিস খুলে কার্যক্রম পরিচালনার চলমান রয়েছে। উক্ত কার্যক্রম সমবায় সমিতি আইন/০১(সংশোধনী০২,ও ১৩) এর ২৩(খ)(১) ধারার পরিপন্থী এবংদন্ড যোগ্য আপরাধ হিসেবে বিবেচিত। তাছাড়া একই আইনের ২৩(ক)(৩) ধারায় কোন ব্যক্তি এই ধারার কোন বিধান লংঘন করিলে অনধিক ৭(সাত) বছর কারাদন্ড বা অন্যূন ১০ (দশ) লক্ষ্য টাকা অর্থ দন্ড বা উভয় দন্ডে দন্ডিনীয় হইবেন মর্মে বিধান রয়েছে। ফলে উক্ত সমবায় সমিতির শাখা অফিসের কার্যক্রমের সাথে সম্পৃক্ত ব্যক্তিগনের সাথে আলাপ কালে হাইকোর্টের নির্দেশনা সংক্রান্ত কিছু তথ্য দাখিল করেন এবং উক্ত কাগজ-পত্র যাচাইয়ান্তে ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক নতুন শাখা খোলার অনুমোতি প্রদান সংক্রান্ত হাইকোর্টের কোন নির্দেশনা বিদ্যমান নাই তথাপিও উপজেলা সমবায় কার্যালয়, গুরুদাসপুর, নাটোর এর সাথে কোন প্রকার যোগাযোগ না করেই আজিজ কো-অপারেটিভ কর্মাস এন্ড ফাইন্যান্স ব্যাংক লিমিটেড এর অবৈধ ভাবে শাখা অফিস খুলে কার্যক্রম আরম্ভ করেছে। এহেন কার্যক্রমের প্রেক্ষিতে অত্র উপজেলার সমবায়ী কার্যক্রমের মধ্যে বিশৃংখল পরিবেশ সৃষ্টি সহ অর্থ আত্মসাত এবং তহবিল তছরুপ করার মতো ঘটনা ঘটার সমূহ সম্ভবনা | গৃহিত কার্যক্রম অনুযায়ী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহনের জন্য বলা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | রয়েছে। এমতাবস্থায়, আজিজ কো অপারেটিভ কর্মাস এন্ড ফাইন্যান্স ব্যাংক লিমিটেড এর চাচকৈড় বাজারস্থ স্থানে বে-আইনি ভাবে শাখা অফিস কার্যক্রম বন্ধ করার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থাগ্রহনের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো | | |
| ১৮ | উপজেলা বন অফিস | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, স্বাস্থ্যবিধি মেনে অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে তেমন কোন সমস্যা নাই। | গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা বন কর্মকর্তা, গুরুদাসপুর নাটোর। |
| ১৯ | গুরুদাসপুর থানা | অফিসার ইনর্চাজ সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সর্ম্পকে জানা গেল না, সভাপতি আগামী সভায় উপস্থিত হয়ে গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। | সভাপতি মহোদয়, নিয়মিত সভায় উপস্থিত হয়ে গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন | অফিসার ইনচার্জ, গুরুদাসপুর থানা |
| ২০ | ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান যে, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। সরকারী নির্দেশনা অনুযায়ী গত ১৩-০৯-২০২১ হতে সহজ কুরআন শিক্ষা কেন্দ্র ৭০টি সপ্তাহে সোমবার ও বুধবার দুইদিন পরিচালিত হচ্ছে। প্রাক প্রাথমিক ৮১টি কেন্দ্র এখনও বন্ধ আছে। মডেল ও সাধারন রিসোর্স সেন্টারগুলি সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। সরকারী বার্তাগুলি জুম্মার খুৎবায় খতিবদের মাধ্যমে মুসল্লিদের উদ্ধুদ্ধ করা হয়। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | ফিল্ড সুপার ভাইজার ইসলামিক ফাউন্ডেশন, গুরুদাসপুর, নাটোর |
| ২১ | ডেপুটি জেনারেল ম্যানেজার (পল্লী বিদ্যুৎ সমিতি-২) | ডেপুটি জেনারেল ম্যানেজার (পল্লী বিদ্যুৎ সমিতি-২) সভায় জানান যে, গুরুদাসপুর উপজলোয় ফেব্রুয়ারী/২০২২ মাসে নতুন সংযোগ প্রাপ্ত গ্রাহক সংখ্যা আবাসিক ৩৩টি, বানিজ্যিক ০৭টি, সেচ ১৪টি, শিল্প ১৮টি, দাতব্য ০১টি ও অন্যান্য নাই মোট গ্রাহক ৫৯টি। পূন সংযোগ গ্রাহক সংখ্যা ১৭১টি, সর্বমোট গ্রাহক সংখ্যা ৬৪৩৮৭জন। বিদ্যুৎ ক্রয় ৫০৪৫৫৭৮ইউনিট, বিদ্যুৎ বিক্রয় ৪৮২৩৩২৫ইউনিট, সিষ্টেম লস ৪.৪০,(চলতিমাস) ক্রমপুঞ্জিত ৭.৯৬%, বকেয়া মাস ১.০৭ মাস। তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তেমন কোন সমস্যা নাই। | গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | ডেপুটি জেনারেল ম্যানেজার, গুরুদাসপুর নাটোর |
| ২২ | বি.এ.ডি.সি ( পানাসি) | উপজেলা সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) পানাসি সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে গুরুদাসপুর (ক্ষুদ্রসেচ) জোনের আওতায় গুরুদাসপুর উপজেলায় বিএডিসি পানাসি প্রকল্পের মাধ্যমে সম্ভাব্য কাজগুলি ০১. বাড়িড পাইপ ৫০০মিঃ, পরিমান ১৮টি, ৯.০০কিঃমিঃ, ০২. বাড়িড পাইপ ১০০০মিঃ, পরিমান ০১টি, ১.০০কিঃমিঃ, ০৩. খাল পুনঃখনন ৪১.০০কিঃমিঃ ০৪. পাম্প ঘর মেরামত নাই, ০৫. ১কিউসেক এলএলপি ১০টি ০৬. ২কিউসেক এলএলপি ০২টি, ০৭. ডাগঅয়েল ০৭টি, ০৮. বক্র কালভার্ট ০২টি, ০৯. সাবমার্জ আরসিসি রাস্তা ৩.১২০কিঃমিঃ। এছাড়া সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী পানাসি, গুরুদাসপুর জোন, নাটোর |
| ২৩ | বি.এম.ডি.এ (বরেন্দ্র) | উপজেলা সহকারী প্রকৌশলী (বিএমডিএ) বরেন্দ্র বড়াইগ্রাম জোন সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগের গত সভার সিদ্ধান্তের অগ্রগতি সম্পর্কে জানা গেল না। সভাপতি গত সভার সিদ্ধান্তকে বহাল রেখে আগামী সভায় অগ্রগতি সহ উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করেন। | সভাপতি গৃহিত কার্যক্রম অব্যাহত রাখাসহ নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী বরেন্দ্র, বড়াইগ্রাম জোন, নাটোর |
| ২৪ | আমার বাড়ি আমার খামার প্রকল্প | উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে, অত্র কার্যালয়ের সমিতির সংখ্যা ২১৬টি, সমিতির সদস্য সংখ্যা ১০,৪৬৪জন। সঞ্চয় জমা ৪,৬০,১২,০০০/-টাকা। সদস্যদের মাঝে ঋণবিতরন ৩৭,৯২,২৫,০০০/-টাকা। ঋণ আদায়ের পরিমাণ ২৪,২২,১০,০০০/-। ঋণ আদায়ের হার ৭০%। | গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো । | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, গুরুদাসপুর নাটোর। |
| ২৫ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, সভায় জানান যে, **ক্ষুদ্রঋণ কার্যক্রমঃ-** চলতি মাসে সদস্য ভর্তি-২৩জন, ঋণী সদস্য-৫১জন, ঋণ বিতরন ১৪.৬৬, ঋণ আদায়- ১৪.৯১, আদায়ের হার- ৯৭%, সঞ্চয় আদায় ২.১৭। **ক্ষুদ্র উদ্যোক্তাঃ-**ঋণী সদস্য-০৩জন, ঋণ বিতরণ-৪.২০, ঋণ আদায়-৭.৪০, আদায়ের হার- ৯৭%, সঞ্চয় জমা নাই। প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকদের শস্য সংরক্ষণঃ- ঋণী সদস্য-০৫জন, ঋণ বিতরণ-২.৫০, ঋণ আদায়-৪.১৬, আদায়ের হার-১০০%, সঞ্চয় আদায় ০.৫৪। তিনি সভায় আরও জানান যে, অফিস কক্ষ ভাঙ্গা ও জরাজির্ণ সেগুলো মেরামত করা প্রয়োজন। তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তেমন কোন সমস্যা নাই। | গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো । | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৬ | উপজেলা পল্লী জীবিকায়ন অফিস | উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তা সভায় জানান যে, সমিতি গঠন নাই, মাসে অগ্রগতি নাই ক্রমবর্ধিত অগ্রগতি ১২১টি, অগ্রগতির হার ১০০%, সদস্য ভর্তি বছরের লক্ষ্যমাত্রা ০৮, মাসে অগ্রগতি ৪৩, ক্রমবর্ধিত অগ্রগতি ৪১২৩, হার ১১৪%, শেয়ার আদায় বছরের লক্ষ্যমাত্রা .৬৯, মাসে অগ্রগতি .৬৫, ক্রমবর্ধিত অগ্রগতি ৬.৯৯, হার ৮৪%, সঞ্চয় আদায় বছরের লক্ষ্যমাত্রা ৩.২২, মাসে অগ্রগতি ১.২৯, ক্রমবর্ধিত অগ্রগতি ১৭.৪৪, হার ২৭%, ঋণ বিতরণ বছরের লক্ষ্যমাত্রা ৯৯.০০, মাসে অগ্রগতি ৫২.৬৯, ক্রমবর্ধিত অগ্রগতি ১৪৮৯.৬৫, হার ৫৩%, ঋণ আদায় বছরের লক্ষ্যমাত্রা ১১০.২৩, মাসে অগ্রগতি ৬৩.৪৮, ক্রমবর্ধিত অগ্রগতি ১৬৩৮.০১, হার ৯৭%। | সভাপতি মহোদয় গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। | উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর |
| ২৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, ৩২৩.০৪০ মে. টন চাল খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় হত দরিদ্রদের মাঝে ৩০কেজি হারে ১০টাকা কেজি খাদ্যশস্য বিতরণ চলছে। বিশেষ ওএমএস কর্মসূচী গুরুদাসপুর পৌরসভায় ৬৬.০০ মে. টন চাল বিতরণ হয়েছে। ভিজিডি খাতে ৭৬.২৬০মে. টন চাল ইউনিয়ন পরিষদ কর্তৃক বিতরণ হবে। বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ইপি খাতে ০.২৮১মে. টন চাল ও গম ০.২৫২মে. টন উত্তোলন হবে। কাবিখা খাতে ৪৯.৩০মে. টন চাল ও ৫৩.৩০মে. টন গম উত্তোলন হয়েছে। আমনসংগ্রহ/২০২১-২২মৌসুমে চাল এর লক্ষ্যমাত্রা ১১৯৮.০০ মে. টন এবং ধান এর লক্ষ্যমাত্রা ৩৭৩.০০ মে. টন পাওয়া গিয়াছে। সংগ্রহের সময়সীমা ০৭/১১/২০২১ থেকে ২৮/০২/২০২২পর্যন্ত। | গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গুরুদাসপুর, নাটোর |
| ২৮ | উপজেলা আনসার ভিডিপি অফিস | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে ওয়েলডিং ৪জি প্রশিক্ষনে ০১জন পুরুষ ও দূর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে ০৯জন পুরুষ প্রশিক্ষনার্থী প্রেরণ করা হয়েছে। এছাড়া পৌরসভা ০৭নং ওয়ার্ডে ০১জন ওয়ার্ড দলনেতাকে গত ০১/০২/২০২২খ্রিঃ তারিখে নিয়োগ প্রদান করা হয়। আনসার ও ভিডিপির অত্র কার্যালয়ের জন্য নিজস্ব ভবন নির্মাণের নিমিত্তে প্রদানকৃত ০৮শতাংশ জমি রেজুলেশনে অর্ন্তভুক্তকরণ ও জমির স্কেচ ম্যাপ তৈরীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মহোদয়ের নিকট অনুরোধ করছি। | মাস্টার প্ল্যান অনুযায়ী আনসার ও ভিডিপির নিজস্ব ভবন নির্মানের জন্য অফিসার্স ক্লাবের পেছনে ৮ শতাংশ জমি প্রদান করা হলো এবং জমির স্কেচ ম্যাপ তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর |
| ২৯ | উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান যে, লক্ষ্যমাত্রা মোতাবেক বিদ্যালয় পরিদর্শন ও প্রতিবেদন প্রদান করা হচ্ছে। জেলা পর্যায়ে মাসিক সমন্বয় সভায় অংশগ্রহন, নাজিরপুর ইউনিয়নে ট্যাগ অফিসারের দায়িত্ব পালন, উপজেলা পর্যায়ে প্রধান শিক্ষকদের মাসিক সভায় অংশগ্রহন, প্রাথমিক শিক্ষকদের প্রশিক্ষণ চাহিদা নিরুপন করা, গণিত অলিম্পিয়াড কৌশল প্রয়োগ করে গণিত বিষয়ের উপর ৯০টি প্রাথমিক বিদ্যালয় থেকে ৯০ জন শিক্ষকের প্রশিক্ষন কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | ইন্সট্রাক্টর, উপজেলা রির্সোস সেন্টার, গুরুদাসপুর, নাটোর |
| ৩০ | **উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিস** | ষ্টেশন অফিসার, উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় জানান যে, ফেব্রুয়ারি/২০২২ মাসের ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অপারেশনাল কর্মকান্ডের তথ্য ধারাবারিষা ফায়ার সার্ভিস কর্তৃক অগ্নি নির্বাপনে সম্পদের ক্ষতির পরিমান ১৫,০০/- ও উদ্ধারের পরিমান ২০,০০০/-, রোকেয়া মোড় ক্ষতির পরিমান ৩,০০০/- ও উদ্ধারের পরিমান ১,০০,০০০/-, খুবজীপুর ক্ষতির পরিমান ১,৫০০ ও উদ্ধারের পরিমান ১০,০০০/-, ধারাবারিষা ক্ষতির পরিমান ১,০০০ ও উদ্ধারের পরিমান ২০,০০০/-শিধুলী নীচুবাজার ক্ষতির পরিমান ৫০০ ও উদ্ধারের পরিমান ৫,০০০/-, সাপগাড়ি ক্ষতির পরিমান ১,০০০ ও উদ্ধারের পরিমান ১০,০০০/-, হরদমা ক্ষতির পরিমান ৫,০০০ ও উদ্ধারের পরিমান ২০,০০০/-, সোনাবাজু ক্ষতির পরিমান ১০,০০০ ও উদ্ধারের পরিমান ২০,০০০/-, প্রফেসরপাড়া ক্ষতির পরিমান ৭০,০০০ ও উদ্ধারের পরিমান ৪,০০,০০০/-, শিকারপাড়া ক্ষতির পরিমান ৫,০০০/- ও উদ্ধারের পরিমান ১,৫০,০০০/-। এছাড়া করোনা ভাইরাস পরিস্থিতিতে জনসচেতনতামূলক প্রচারনা অব্যাহত এবং যেকোন দূযোর্গ-দূর্ঘটনা মোকাবেলায় প্রয়োজনীয় জনবল ও সরঞ্জামাদি প্রস্তুত রাখা হয়েছে। | **গৃহিত কার্যক্রম অব্যাহত জন্য অনুরোধ করা হলো।** | ষ্টেশন অফিসার, উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, গুরুদাসপুর, নাটোর |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩১ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা ফ্যাসিলিটেটর, গুরুদাসপুর, নাটোর সভায় জানান যে, অবকাঠামো উন্নয়নের ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার কাজ চলমান। এছাড়া তিনি সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরের ৬০,০০,০০০/- (ষাট লক্ষ) টাকা সক্ষমতা ও অবকাঠামো উন্নয়নের জন্য বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দ থেকে দশ লক্ষ টাকার সক্ষমতা উন্নয়নের পিএসসি প্রস্তাবনা নিম্নরুপ ঃ ১. কোভিড কালীন সময়ে ১০ থেকে ১৯ বছর বয়সী মেয়েদের বয়:সন্ধিকালীন এবং মা ও শিশু স্বাস্থ্য সুরক্ষা বিষয়ক সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ, ২. করোনা মোকাবেলায় স্বাস্থ্যকর্মী,পল্লী চিকিৎসক ও স্থানীয় জনগণের করণীয় বিষয়ক প্রশিক্ষণ, ৩. কেভিড -১৯ মোকাবেলায় স্থানীয় ব্যবসায়ী ও ক্রেতা সাধারণের জন্য ভোক্তা অধিকার আইন বিষয়ক প্রশিক্ষণ, ৪. বেকার যুবক ও যুবতীদের মোটোরযান চালনা বিষয়ক প্রশিক্ষণ, ৫. ফ্রি ল্যান্সিং/ আউটসোসিংএর মাধ্যমে বেকার যুবদের আত্ন-কর্মসংস্থানের সক্ষমতা বৃদ্ধি প্রশিক্ষণ ও ৬. ক্ষুদ্র নৃ-গোষ্টি ও সাধারন বেকার যুবক/যুবতীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মোবাইল সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণ। এছাড়া ৫০ লক্ষ টাকার জন্য অবকাঠামো উন্নয়ন দুটি প্রকল্প পিএসসি মিটিংয়ে নির্বাচিত হয়, যাহা নিম্নরুপ ঃ ১. ভবন নির্মান, ২. হাই লো বেঞ্চ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে সক্ষমতা উন্নয়নের জন্য ৬টি প্রকল্প এবং অবকাঠামো উন্নয়নের জন্য ২টি প্রকল্প নেওয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, সংশ্লিষ্ট উপজেলা কমিটি, গুরুদাসপুর, নাটোর |
| ৩২ | বিবিধ-১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, মার্চ-২০২২ মাসের আপায়ন বাবদ ৩০,০০০/-, আনুসঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/-টাকা সভায় অনুমোদন প্রয়োজন। বিষয়সমূহ নিয়ে বিস্তারিত আলোচনান্তে ব্যয়িত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করা হলো। | উপজেলা পরিষদের মার্চ-২০২২ মাসের আপায়ন বাবদ ৩০,০০০/-, আনুসঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- টাকা ব্যয় হয়েছে। যাহা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, গুরুদাসপুর, নাটোর। |
| ৩৩ | বিবিধ-২ | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, ২০২১-২০২২ইং অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত (উন্নয়ন) তহবিলের আওতায় নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাঝে স্যানিটারী ন্যাপকিন বিতরন-০১ প্রকল্পের জন্য ২,০০,০০০/-টাকা গ্রহন করা হয়েছে। নিম্নে উল্লেখিত প্রকল্প বাস্তবায়ন কমিটি সরকারি নীতিমালা অনুযায়ী প্রকল্পের কাজ বাস্তবায়ন করবেন।<br>**প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ প্রাপ্ত বরাদ্দ =২,০০,০০০/- টাকা মাত্র।**<br>০১) মোঃ আব্দুল কাদের, ৫নং ধারাবারিষা ইউপি সদস্য- প্রকল্প সভাপতি।<br>০২) মাসুদ রানা , সমাজসেবক - প্রকল্প সদস্য।<br>০৩) মোঃ কামাল সরকার, সমাজসেবক, প্রকল্প সদস্য।<br>০৪) মোঃ শফিকুল ইসলাম, সমাজসেবক, প্রকল্প সদস্য।<br>০৫) মোঃ সাবদুল আলী, সমাজসেবক, প্রকল্প সদস্য।<br>০৬) মোঃ মিলন আলী, সমাজসেবক, প্রকল্প সদস্য। | বিস্তারিত আলোচনান্তে নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাঝে স্যানিটারী ন্যাপকিন বিতরন-০১ প্রকল্পের জন্য ২,০০,০০০/- টাকা প্রকল্প সভাপতিকে উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত (উন্নয়ন) তহবিল হতে চুড়ান্ত বিল প্রদানের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, গুরুদাসপুর, নাটোর |
| ৩৪ | বিবিধ-৩ | উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, ২০২১-২০২২ইং অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত (উন্নয়ন) তহবিলের আওতায় নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাঝে স্যানিটারী ন্যাপকিন বিতরন-০২ প্রকল্পের জন্য ২,০০,০০০/-টাকা গ্রহন করা হয়েছে। নিম্নে উল্লেখিত প্রকল্প বাস্তবায়ন কমিটি সরকারি নীতিমালা অনুযায়ী প্রকল্পের কাজ বাস্তবায়ন করবেন।<br>**প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ প্রাপ্ত বরাদ্দ =২,০০,০০০/- টাকা মাত্র।**<br>০১) মোছাঃ আয়শা বেগম, ৩নং খুবজীপুর ইউপি সদস্য- প্রকল্প সভাপতি।<br>০২) মোঃ শাহিন আলম, সমাজসেবক - প্রকল্প সদস্য।<br>০৩) মোঃ মজিবর প্রামানিক, সমাজসেবক, প্রকল্প সদস্য।<br>০৪) মোঃ আবুল কালাম আজাদ, সমাজসেবক, প্রকল্প সদস্য।<br>০৫) মোঃ মোতালেবুর রহমান, ইমাম, প্রকল্প সদস্য।<br>০৬) বরুন দাস, সমাজসেবক, প্রকল্প সদস্য। | বিস্তারিত আলোচনান্তে নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাঝে স্যানিটারী ন্যাপকিন বিতরন-০২ প্রকল্পের জন্য ২,০০,০০০/- টাকা প্রকল্প সভাপতিকে উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত (উন্নয়ন) তহবিল হতে চুড়ান্ত বিল প্রদানের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, গুরুদাসপুর, নাটোর |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৫ | বিবিধ-৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, এ কার্যালয়ে ব্যবহারের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অফিস সরঞ্জাম ক্রয় খাত হতে ০১টি ল্যাপটপ ক্রয় করা হয়েছে। যার মূল্য ১,১৯,৫০০/-টাকা, যাহার সর্বনিম্ন কোটেশন দাতা টেকপ্লাস কম্পিউটার, কানাইখালী, নাটোর। এনিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অফিস সরঞ্জাম ক্রয় খাতে ০১টি ল্যাপটপ চেয়ারম্যান, উপজেলা পরিষদ কার্যালয়ে ব্যবহারের জন্য ১,১৯,৫০০/-টাকার বিল সর্বনিম্ন কোটেশন দাতা টেকপ্লাস কম্পিউটার, কানাইখালী, নাটোর বরাবর প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, গুরুদাসপুর, নাটোর |
| ৩৬ | বিবিধ-৫ | ০১. উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ২০২১-২০২২ইং অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত (উন্নয়ন) তহবিল এর আওতায় নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার ৩নং খুবজীপুর ইউনিয়নের কালাকান্দর (মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার)আশ্রয়ন-২ প্রকল্পের আওতায় নির্মিত একক গৃহসমূহের উপকার ভোগীদের অর্থনৈতিক ভাবে স্বাবলম্বী করার লক্ষে উপকারভোগীদের মাঝে সেলাই মেশিন বিতরন-১ প্রকল্পের জন্য ২,০০,০০০/- টাকা গ্রহন করা হয়েছে। নিম্নে উল্লেখিত প্রকল্প বাস্তবায়ন কমিটি সরকারি নীতিমালা অনুযায়ী প্রকল্পের কাজ বাস্তবায়ন করবেন।<br>**<u>প্রকল্প বাস্তবায়ন কমিটি</u> ঃ প্রাপ্ত বরাদ্দ =২,০০,০০০/- টাকা মাত্র।**<br>০১) মোঃ আব্দুল আলিম, ৩নং খুবজীপুর ইউপি সদস্য- প্রকল্প সভাপতি।<br>০২) মোছাঃ আয়শা বেগম, ৩নং খুবজীপুর ইউপি সদস্য- প্রকল্প সেক্রেটারী।<br>০৩) মোঃ আবুল কালাম আজাদ, শিক্ষক, প্রকল্প সদস্য।<br>০৪) মোঃ হাবিবুর রহমান, ইমাম, প্রকল্প সদস্য।<br>০৫) মোঃ মাহাবুর রহমান, গণ্যমান্য, প্রকল্প সদস্য।<br>০৬) মোঃ বাবুল আক্তার, সমাজসেবক, প্রকল্প সদস্য।<br>০৭) মোছাঃ রিতা বেগম, সমাজ সেবিকা, প্রকল্প সদস্য।<br>০২. ৩নং খুবজীপুর ইউনিয়নের কালাকান্দর (মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার) আশ্রয়ন-২ প্রকল্পের আওতায় নির্মিত একক গৃহসমূহের উপকার ভোগীদের অর্থনৈতিক ভাবে সাবলম্বী করার লক্ষে উপকারভোগীদের মাঝে সেলাই মেশিন বিতরন-২ প্রকল্পের জন্য ২,০০,০০০/- টাকা গ্রহন করা হয়েছে। নিম্নে উল্লেখিত প্রকল্প বাস্তবায়ন কমিটি সরকারি নীতিমালা অনুযায়ী প্রকল্পের কাজ বাস্তবায়ন করবেন।<br>**<u>প্রকল্প বাস্তবায়ন কমিটি</u> ঃ প্রাপ্ত বরাদ্দ =২,০০,০০০/- টাকা মাত্র।**<br>০১) মোছাঃ আয়শা বেগম, ৩নং খুবজীপুর ইউপি সদস্য- প্রকল্প সভাপতি।<br>০২) মোঃ আব্দুল আলিম, ইউপি সদস্য - প্রকল্প সেক্রেটারী।<br>০৩) মোঃ আবুল কালাম আজাদ, শিক্ষক, প্রকল্প সদস্য।<br>০৪) মোঃ হাবিবুর রহমান, ইমাম, প্রকল্প সদস্য।<br>০৫) মোঃ মাহাবুর রহমান, গণ্যমান্য, প্রকল্প সদস্য।<br>০৬) মোঃ বাবুল আক্তার, সমাজসেবক, প্রকল্প সদস্য।<br>০৭) মোঃ সাইফুল ইসলাম, সমাজসেবক, প্রকল্প সদস্য। | বিস্তারিত আলোচনান্তে ০১. নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার ৩নং খুবজীপুর ইউনিয়নের কালাকান্দর (মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার) আশ্রয়ন-২ প্রকল্পের আওতায় নির্মিত একক গৃহ সমূহের উপকারভোগীদের অর্থনৈতিক ভাবে সাবলম্বী করার লক্ষে তাদের মাঝে সেলাই মেশিন বিতরন-১ প্রকল্পের জন্য ২,০০,০০০/-টাকা এবং ০২. ৩নং খুবজীপুর ইউনিয়নের কালাকান্দর (মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার) আশ্রয়ন-২ প্রকল্পের আওতায় নির্মিত একক গৃহ সমূহের উপকারভোগীদের অর্থনৈতিক ভাবে সাবলম্বী করার লক্ষে উপকারভোগীদের মাঝে সেলাই মেশিন বিতরন-২ প্রকল্পের জন্য ২,০০,০০০/- টাকা প্রকল্প সভাপতিকে উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত (উন্নয়ন) তহবিল হতে চুড়ান্ত বিল প্রদানের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, গুরুদাসপুর, নাটোর |
| ৩৭ | বিবিধ-৬ | ০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সভায় জানান যে, ২০২১-২০২২ইং অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত (উন্নয়ন) তহবিল এর আওতায় নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার ১নং নাজিরপুর, ২নং বিয়াঘাট ও ৩নং খুবজীপুর ইউনিয়নের বিভিন্ন অসহায় ও দূঃস্থ পরিবারের মাঝে মিনি ডিপসেট নলকূপ স্থাপন করার জন্য ২,০০,০০০/- টাকা প্রকল্প গ্রহন করা হয়েছে। নিম্নে উল্লেখিত প্রকল্প বাস্তবায়ন কমিটি সরকারি নীতিমালা অনুযায়ী প্রকল্পের কাজ বাস্তবায়ন করবেন।<br>**<u>প্রকল্প বাস্তবায়ন কমিটি</u> ঃ প্রাপ্ত বরাদ্দ =২,০০,০০০/- টাকা মাত্র।**<br>০১) শাহরিয়ার নাজনীন, ১নং নাজিরপুর ইউপি সদস্য - প্রকল্প সভাপতি।<br>০২) মোঃ শমসের মন্ডল, ১নং নাজিরপুর ইউপি সদস্য- প্রকল্প সেক্রেটারী।<br>০৩) মোঃ তায়েজুল ইসলাম, শিক্ষক, প্রকল্প সদস্য।<br>০৪) হাফেজ মোঃ মুক্তার হোসেন, ইমাম, প্রকল্প সদস্য।<br>০৫) মোঃ রবিউল করিম, সমাজসেবক, প্রকল্প সদস্য।<br>০৬) মোঃ সিরাজুল ইসলাম, সমাজসেবক, প্রকল্প সদস্য।<br>০৭) মোঃ জাকির হোসেন, গন্যমান্য, প্রকল্প সদস্য।<br>০২. ৪নং মশিন্দা, ৫নং ধারাবারিষা ও ৬নং চাপিলা ইউনিয়নের বিভিন্ন অসহায় ও দূঃস্থ পরিবারের মাঝে মিনি ডিপসেট নলকূপ স্থাপন করার জন্য ২,০০,০০০/- টাকার প্রকল্প গ্রহন করা হয়েছে। নিম্নে উল্লেখিত প্রকল্প বাস্তবায়ন কমিটি সরকারি নীতিমালা অনুযায়ী প্রকল্পের কাজ বাস্তবায়ন | বিস্তারিত আলোচনান্তে ০১. নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার ১নং নাজিরপুর, ২নং বিয়াঘাট ও ৩নং খুবজীপুর ইউনিয়নের বিভিন্ন অসহায় ও দূঃস্থ পরিবারের মাঝে মিনিডিপ সেট নলকূপ স্থাপন প্রকল্পের জন্য ২,০০,০০০/- টাকা এবং ০২. ৪নং মশিন্দা, ৫নং ধারাবারিষা ও ৬নং চাপিলা ইউনিয়নের বিভিন্ন অসহায় ও দূঃস্থ পরিবারের মাঝে মিনিডিপসেট নলকূপ স্থাপন প্রকল্পের জন্য ২,০০,০০০/- টাকা এবং ০৩. নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার বিভিন্ন অসহায় দূঃস্থ পরিবারে মাঝে সেলাই মেশিন বিতরন প্রকল্পের জন্য ২,০০,০০০/- টাকা প্রকল্প সভাপতিকে উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত (উন্নয়ন) তহবিল হতে চূড়ান্ত বিল প্রদানের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, গুরুদাসপুর, নাটোর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করবেন। **প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ প্রাপ্ত বরাদ্দ =২,০০,০০০/- টাকা।**<br>০১) মোঃ ফরহাদ আলী, ৬নং চাপিলা ইউপি সদস্য- প্রকল্প সভাপতি।<br>০২) মোঃ রবিন, ইউপি সদস্য - প্রকল্প সেক্রেটারী।<br>০৩) মোঃ মুকুল হোসেন, গণ্যমাণ্য, প্রকল্প সদস্য।<br>০৪) মোঃ নুরুল ইসলাম, ঈমাম, প্রকল্প সদস্য।<br>০৫) মোঃ মেহেদী হাসান, গণ্যমান্য, প্রকল্প সদস্য।<br>০৩. ২০২১-২০২২ইং অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত (উন্নয়ন) তহবিল এর আওতায় নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার বিভিন্ন অসহায় দূঃস্থ পরিবারে মাঝে সেলাই মেশিন বিতরন প্রকল্পের জন্য ২,০০,০০০/- টাকার প্রকল্প গ্রহন করা হয়েছে। নিম্নে উল্লেখিত প্রকল্প বাস্তবায়ন কমিটি সরকারি নীতিমালা অনুযায়ী প্রকল্পের কাজ বাস্তবায়ন করবেন। **প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ প্রাপ্ত বরাদ্দ =২,০০,০০০/- টাকা।**<br>০১) মোছাঃ হালিমা বেগম, ৪নং মশিন্দা ইউপি সদস্য- প্রকল্প সভাপতি।<br>০২) মোঃ আরিফুল ইসলাম, সমাজসেবক - প্রকল্প সেক্রেটারী।<br>০৩) মোঃ মঈন উদ্দীন, সমাজসেবক, প্রকল্প সদস্য।<br>০৪) মোঃ রজব আলী, সমাজসেবক, প্রকল্প সদস্য।<br>০৫) মোঃ নুরুল ইসলাম, গণ্যমান্য, প্রকল্প সদস্য।<br>০৬) মোঃ আমিরুল ইসলাম, সমাজসেবক, প্রকল্প সদস্য।<br>০৭) মোছাঃ নাছরিন আক্তার মিনতি, সমাজ সেবিকা, প্রকল্প সদস্য। | | |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যকে আন্তরিকভাবে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

27/6/22

(মোঃ আনোয়ার হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গুরুদাসপুর,নাটোর
ফোনঃ ০৭৭২৪-৭৪৪২৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গুরুদাসপুর, নাটোর

স্মারক নং- ০৫.৪৩.৬৯৪১.০০০.০২.০০১.১৭. ২৯৮ (৪৫) তারিখ ঃ ২৯-০৩-২০২২ খ্রি.

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ-**

০১। মাননীয় সংসদ সদস্য, ৬১ নাটোর-৪ (গুরুদাসপুর-বড়াইগ্রাম)।
০২। সচিব, স্থানীয় সরকার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, নাটোর ।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর ।
০৫। মেয়র, গুরুদাসপুর পৌরসভা, গুরুদাসপুর,নাটোর।
০৬। উপজেলা -------------------------------------------------------------অফিসার, গুরুদাসপুর, নাটোর।
০৭। চেয়ারম্যান, নাজিরপুর/বিয়াঘাট/খুবজিপুর/মশিন্দা/ধারাবারিষা/চাপিলা ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর।
০৮। অফিস নথি।

**(মোঃ তমাল হোসেন)**
উপজেলা নির্বাহী অফিসার
গুরুদাসপুর, নাটোর
ফোনঃ ০৭৭২৪-৭৪০০১

উপস্থিত সদস্যে বৃন্দের নাম পরিশিষ্ট "ক"  সভার তারিখ ঃ ২৯-০৩-২০২২ খ্রি.

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | জনাব মোঃ আনোয়ার হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর | স্বাক্ষরিত |
| ২ | জনাব মোঃ তমাল হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ৩ | জনাব মোঃ শাহনেওয়াজ আলী মোল্লা, মেয়র, গুরুদাসপুর পৌরসভা, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ৪ | জনাব মোঃ আলাল শেখ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ৫ | চেয়ারম্যান, ০১নং নাজিরপুর ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ৬ | চেয়ারম্যান, ০২নং বিয়াঘাট ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ৭ | চেয়ারম্যান, ০৩নং খুবজীপুর ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ৮ | চেয়ারম্যান, ০৪নং মশিন্দা ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ৯ | চেয়ারম্যান, ০৬নং চাপিলা ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ১০ | উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ১১ | প্রতিনিধি, উপজেলা কৃষি অফিসার, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ১২ | উপজেলা প্রকৌশলী, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ১৩ | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ১৪ | উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ১৫ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ১৬ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ১৭ | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), গুরুদাসপুর, নাটোর | ,, |
| ১৮ | উপজেলা সমবায় কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ১৯ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ২০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ২১ | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ২২ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-২, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ২৩ | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ২৪ | উপজেলা সহকারী প্রকৌশলী (পানাসি), গুরুদাসপুর, নাটোর | ,, |
| ২৫ | উপজেলা বন কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ২৬ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা,গুরুদাসপুর, নাটোর | ,, |
| ২৭ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ২৮ | ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ২৯ | ফ্যাসিলিটেটর, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ৩০ | উপজেলা নির্বাচন কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর | ,, |